



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ই-মেইল : anandamohan1908@gmail.com.



স্মারক নম্বর- ২০৮/২৪

তারিখ :- ২৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ মে ২০২৪ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি (সংশোধিত)

আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ এর নিম্নে উদ্ধৃত অকেজো ঘোষিত ও মূল্যায়িত কলেজ অভিটোরিয়াম এবং কলেজ লাইব্রেরী ভবন নিলামে বিক্রয়ের লক্ষ্যে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থার ভিত্তিতে অগ্রহী ক্রেতা/কোম্পানীসমূহকে নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে নিলামে অংশগ্রহণের জন্য দরপত্র দাখিলের আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	নাম	মালামালের বিবরণ	পরিমাণ	একক
০১	কলেজ অভিটোরিয়াম	গ্রাউন্ড ফ্লোর	১৮১৮.১৪	বর্গমিটার
০২	কলেজ লাইব্রেরী	গ্রাউন্ড ফ্লোর	৪১২.২৬	বর্গমিটার

নিলামের শর্ত ও নিয়মাবলী

- অগ্রহী দরদাতাগণ আগামী ২৩/০৫/২০২৪ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ০৯:৩০ ঘটিকা হতে বেলা ১১:৪৫ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত নিলাম দরপত্রসমূহ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ-এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর/ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে দরপত্র গ্রহণ করা হবে না।
- আগামী ২৩/০৫/২০২৪ খ্রি. তারিখ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকায় নিলাম দরপত্রসমূহ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ-এ উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- সকল দরদাতাকে উভয় ক্রমিক নং এর জন্য আলাদা আলাদা দর দাখিল করতে হবে। উভয় ক্রমিক নং এর একত্রে সর্বমোট বেশি প্রদত্ত দর-এর ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা বিবেচনা করা হবে।
- উদ্ধৃত দর এর ২০% (বিশ শতাংশ) নিরাপত্তা জামানত হিসেবে অধ্যক্ষ, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্র্যাফটসহ দরপত্র জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দরপত্র বিবেচনা করা হবে না।
- নিলাম দরপত্রে উল্লেখিত মালামালসমূহ আগামী ১৪/০৫/২০২৪ খ্রি. তারিখ মঙ্গলবার এবং ১৫/০৫/২০২৪ খ্রি. তারিখ বুধবার সকাল ১১:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ০৭ (সাত)দিনের মধ্যে অবশিষ্ট ৮০% (আশি শতাংশ) মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্র্যাফট এর মাধ্যমে পরিশোধ করে আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ হতে কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে মালামাল সমূহ গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন এর মধ্যে ফাউন্ডেশনসহ যাবতীয় মালামাল অপসারণ করতে হবে।
- খামের উপর "নিলাম দরপত্র" সিলমোহরকৃত খামে নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা (মোবাইল নম্বরসহ) ও স্বাক্ষরসহ নিলাম দরপত্র দাখিল করতে হবে।
- দরপত্রে কোন কাটাকাটি/ধমামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- বর্ণিত সকল মালামালসমূহ গ্রহণের পূর্বে পে-অর্ডার/ব্যাংক ড্র্যাফট- এর মাধ্যমে দেয় মোট মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর বাবদ অর্থসহ মোট মূল্য পরিশোধ করতঃ জমা দানের রশিদপত্র অধ্যক্ষ, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ -এ দাখিল করতে হবে।
- নিলামকৃত মালামালসমূহ প্রদানের সময় পরিমাণ কম বা বেশী হতে পারে।
- কোনরূপ কারণ দর্শানো ছাড়াই আংশিক/সম্পূর্ণ দরপত্র বাতিল করার ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- শর্ত বর্হিভূত কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রফেসর মোঃ আমান উল্লাহ)

অধ্যক্ষ

আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।

ও

সদস্য সচিব

স্থানীয় কনভেনশন কমিটি

ফোন : ০২৯৯৬৬-৬৬৭৬৯, ০২৯৯৬৬-৬৫৩৬৬